

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 02-05-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

WAVES 2025 :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বিশ্বব্যাপী সৃজনশীলতার নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে ভারতের জন্য এটিই উপযুক্ত মুহূর্ত। গতকাল মুম্বাইয়ের জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টারে প্রথম ওয়ার্ল্ড অডিও ভিজুয়াল এন্টারটেইনমেন্ট সামিট, ওয়েভস ২০২৫-এর উদ্বোধন করে একথা বলেন তিনি। এই ওয়েভস আগামী চৌঠা মে পর্যন্ত চলবে। প্রধানমন্ত্রী বলেন, ওয়েভস কোনও সংক্ষিপ্ত রূপ নয়, বরং এটি সংস্কৃতি, সৃজনশীলতা এবং সার্বজনীন সংযোগের একটি তরঙ্গ। তিনি বলেন, এটি একটি বিশ্বব্যাপী মঞ্চ যা শিল্পী এবং স্রষ্টাদের নতুন ধারণা প্রচার করবে। প্রধানমন্ত্রী বলেন, ১০০ টিরও বেশি দেশের শিল্পী, উদ্ভাবক, বিনিয়োগকারী এবং নীতিনির্ধারকরা এক ছাদের নিচে একত্রিত হওয়ায় ওয়েভস বিশ্বের দৃষ্টি আকর্ষণ করছে। ওয়েভস বাজার উদ্যোগের প্রশংসা করে তিনি বলেন, এটি উদ্ভাবক এবং স্রষ্টাদের উৎসাহিত করবে।

Byte.....

C,M School Building:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বেশ কয়েকটি স্কুলের নতুন ভবনের উদ্বোধন করবেন। সরকারী স্তরে জানা গেছে মুখ্যমন্ত্রী আজ আগরতলার রামনগরে রামনগর ইংরেজী মাধ্যম H.S school, -এর নতুন ভবনের সঙ্গে সেখানে আরও চারটি স্কুলের নতুন ভবনের ভার্চুয়ালী উদ্বোধন করবেন এই স্কুলগুলো হলো মোহনপুরের হেজামারা ব্লকের বড়কাঠালী H.S school,

দারোগামুড়া ইংরেজি মাধ্যম হাই স্কুল আগরতলা পুর এলাকার ক্ষুদিরাম বসু ইংরেজী মাধ্যম স্কুল এবং পূর্ব নোয়াগাঁওয়ের সুকান্ত একাডেমী ইংরেজি মাধ্যম স্কুল |

Home Minister Amit Shah.

পহেলগাঁওয়ে জঙ্গি হামলায় জড়িতদের কাউকে ছাড় দেবে না সরকার, জানিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। গতকাল নয়াদিল্লিতে বোড়া নেতা উপেন্দ্রনাথ ব্রহ্মের মৃত্যুবার্ষিকী উপলক্ষে মূর্তির আবোরন উন্মোচন এবং তাঁর নামে একটি রাস্তা উৎসর্গ করে এক সমাবেশে প্রদত্ত ভাষনে স্বরাষ্ট্র মন্ত্রী এই মন্তব্য করেন। দেশের প্রতিটি ইঞ্চি থেকে সন্ত্রাসবাদ নির্মূল করার সরকারের সংকল্পের কথা পুনর্ব্যক্ত করে অমিত শাহ বলেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই অব্যাহত থাকবে এবং যারা এই হামলা করেছে তাদের উপযুক্ত জবাব দেওয়া হবে। তিনি আরও বলেন, এই লড়াইয়ে শুধু ১৪০ কোটি ভারতবাসী নয়, গোটা বিশ্ব ভারতের পাশে রয়েছে।

Social Education Minister :

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে গতকাল থেকে আগরতলার অটলবিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যানসার হাসপাতালে হেল্পডেস্ক চালু হয়েছে। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় হেল্পডেস্কের উদ্বোধন করে বলেন রাজ্যের ক্যানসার আক্রান্ত রোগীরা অল্প সময়ের মধ্যে যাতে ভাতা পেতে পারেন সেই লক্ষ্যে এই সহায়তা কেন্দ্র খোলা হয়েছে। ক্যানসার আক্রান্ত রোগীদের মধ্যে যারা সরকারি চাকুরি করেননা এবং যাদের বার্ষিক আয় ১ লক্ষ ৫০ হাজার টাকার নিচে তারা এই ভাতা পেয়ে থাকেন।

Transport Minister:

পরিবহন মন্ত্রী স্মৃশান্ত চৌধুরী বলেছেন এক সুপরিচিত ও নিরাপদ সড়ক ব্যবস্থার মাধ্যমে রাজ্যের অর্থনৈতিক এবং পরিবহন ক্ষেত্রে উল্লেখ যোগ্য অগ্রগতি সম্ভব। গতকাল জিরানিয়ার মোহনপুরে আসাম -আগরতলা জাতীয় সড়কের সম্প্রসারণ নিয়ে এক বৈঠকে তিনি আশাবাদ ব্যক্ত করেন। পরিবহন মন্ত্রী বলেন রাজ্যে যানবাহনের সংখ্যা বাড়ছে। তাই জাতীয় সড়ক প্রশস্ত করা এখন সময়ের দাবিতে পরিনত হয়েছে। রাজ্যের সার্বিক উন্নয়নের স্বার্থে তিনি স্থানীয় বাসিন্দা, ব্যবসায়ী এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চেয়েছেন।

Bikash Debbarma :

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেবর্মা গতকাল জানিয়েছেন তিনটি বিদ্যালয়কে উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে। বিদ্যালয়গুলি হল আমবাসা সাধুটিলার রাধা মোহন মেমোরিয়াল বিদ্যালয়, কাঞ্চনপুরের উরিছড়ার রতনমনি মেমোরিয়াল বিদ্যালয় ও করবকুকের আশ্রম স্কুল।

Women's Cricket :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মহিলাদের ঘরোয়া টি-২০ সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতায় গতকাল তিনটি মাঠে মোট ছয়টি খেলা হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে দুটি খেলায় কর্ণেল কোচিং সেন্টার ৫৫ রানে প্রগতি প্লে সেন্টারকে এবং ব্লাডমাউথ ক্লাব ৭ রানে এগিয়ে চলো সংঘকে পরাজিত করে। মেলাঘরের মাঠে দুটি খেলায় নিউ প্লে সেন্টার ২৫ রানে জিবি প্লে সেন্টারকে এবং তরুণ সংঘ কোচিং সেন্টার ১০ উইকেটে ইউনাইটেড

ফ্রেন্ডসকে হারিয়ে দেয়। এছাড়া এম বি বি স্টেডিয়ামে দুটি খেলায় আগরতলা কোচিং সেন্টার ১০ উইকেটে এডি নগর কোচিং সেন্টারকে এবং মৌচাক ক্লাব ৭ উইকেটে চাম্পামুড়া কোচিং সেন্টারকে পরাজিত করে।

Weather.

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে , আকাশ অংশত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। এছাড়া, বিক্ষিপ্তভাবে রাজ্যের কোথাও কোথাও ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সঙ্গে বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টি পাত হতে পারে বলে সতর্কবার্তা দেওয়া হয়েছে। সিপাহীজলা জেলায় ভারি বৃষ্টি পাতেরও সতর্কতা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।
